

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশদত্ত রোড, বকশিবাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

স্মারক নং-৫৮.০৪.০০০০.০২২.১২.০১৩.২৪- ৩৫৪


তারিখঃ ০৭ ভাদ্র ১৪৩১
২২ আগস্ট ২০২৪

বিষয়: ছুটিতে গমন/কর্মস্থল ত্যাগের পূর্বে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ প্রসঙ্গে

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, দেশের চলমান পরিস্থিতির প্রেক্ষাপটে কারা কর্মকর্তা-কর্মচারীগণ ছুটিতে গমন/কর্মস্থল ত্যাগের পূর্বে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি গ্রহণের জন্য নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো;

- ক) কারা উপ-মহাপরিদর্শকগণ কর্মস্থল ত্যাগের পূর্বে কারা মহাপরিদর্শক মহোদয়ের অনুমতি গ্রহণ করবেন;
- খ) সিনিয়র জেল সুপার/জেল সুপারগণ যেকোন প্রয়োজনে (ছুটি/সরকারী কর্তব্য) কর্মস্থল ত্যাগের পূর্বে সংশ্লিষ্ট কারা উপ-মহাপরিদর্শকের অনুমতি গ্রহণ করবেন। এক্ষেত্রে অনুমতি প্রদানের পূর্বে পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত সংশ্লিষ্ট কারা উপ-মহাপরিদর্শকগণ উল্লেখিত কর্মকর্তার কর্মস্থল ত্যাগের বিষয়ে কারা মহাপরিদর্শক মহোদয়কে অবহিতপূর্বক অনুমোদন গ্রহণ করবেন;

উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করার জন্য বলা হলো।


শেখ সুজাউর রহমান
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোনঃ ৫৭৩০০২২২ (দপ্তর)
addl.ig@prison.gov.bd

বিতরণ:

- ১। কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ;
- ২। কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী;
- ৩। সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

অনুলিপি:

- ১। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা;
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। পত্রটি কারা অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো;
- ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজেন ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৪। প্রশাসনিক কর্মকর্তা-১/২, বাজেট অফিসার/স্টাফ অফিসার/ডেপুটি জেলার (প্রশিক্ষণ/প্রশাসন/উন্নয়ন/আইন)/পরিসংখ্যানবিদ কারা অধিদপ্তর, ঢাকা;
- ৫। ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। বিষয়টি কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য; এবং
- ৬। গার্ড ফাইল।